অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/11/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা শুমার ঘোষণা করলেন যে টম্পকিনস কাউন্টিতে একটি মাইক্রোইলেকট্রনিক্স প্রস্তুতকারক ফ্যাব রেট্রোফিট করার জন্য মেনলো মাইক্রোসিস্টেমস 50+ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, যা আপস্টেট নিউ ইয়র্কে 100+ নতুন ভালো বেতনের চাকরি নিয়ে আসবে

শুমার ব্যক্তিগতভাবে গত বছর মেনলো মাইক্রোর প্রধান নির্বাহী কর্মকর্তাকে ফোন করেন এবং তাদেরকে আপস্টেট নিউ ইয়র্কে বিনিয়োগ করতে তাগিদ প্রদান করেন; এখন কোম্পানিটি আহ্বানে সাড়া দিয়েছে এবং নিউ ইয়র্কের ল্যান্সিংয়ে একটি ফ্যাসিলিটি বাছাই করেছে, এবং অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্স কোম্পানির গ্লোবাল R&D হাবের অবস্থান হিসেবে ব্যবহৃত হবে যা নতুন অভ্যন্তরীণ উৎপাদনকে বলীয়ান করবে

মেনলো মাইক্রো শুমারের চিপস এবং বিজ্ঞান আইন, গভর্নরের এক্সেলসিয়র কর্মসংস্থান কর ক্রেডিটকে মার্কিন যুক্তরাষ্ট্রে সেমিকন্ডাক্টর চাকরি ফেরত আনার বাজকাঠি হিসেবে উল্লেখ করেছে, এটি অঞ্চলের এ ধরনের প্রথম নতুন মাইক্রোচিপ সুইচ প্রস্তুতকারক ফ্যাসিলিটি

মেনলো মাইক্রোর আইডিয়াল ফ্যাব গঠিত হচ্ছে নিউ ইয়র্ক স্টেটে চিপ প্রস্তুতকারক ইকোসিস্টেম বিকাশের জন্য স্টেট ও ফেডারেল প্রয়াসের উপর, এটি মাইক্রন, এডওয়ার্ডস ভ্যাকুয়ামের সাথে নিউ ইয়র্কের ঐতিহাসিক অংশীদারিত্বের অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ককে একটি বৈশ্বিক মাইক্রোইলেকট্রনিক্স প্রস্তুতকারক কেন্দ্র বানানোর জন্য তাদের দীর্ঘ অ্যাডভোকেসি এবং গত বছর মেনলো মাইক্রোর (Menlo Micro) প্রধান নির্বাহী কর্মকর্তা রাস গার্সিয়ার কাছে শুমারের ব্যক্তিগত টেলিফোনের পর, কোম্পানি এইসব আহ্বানে সাড়া দিয়েছে এবং টম্পকিনস কাউন্টিতে তাদের প্রথম অভ্যন্তরীণ মাইক্রোইলেকট্রনিক্স ফ্যাব্রিকেশন ফ্যাসিলিটি নির্মাণের জন্য তারা 50 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করবে, 100 এর বেশি নতুন ভালো বেতনের চাকরি তৈরি করবে।

"মেনলো মাইক্রোকে টম্পকিনস কাউন্টিতে আনার এই চুক্তির মাধ্যমে আমরা আরেকবার নিউ ইয়র্ক স্টেটকে চিপস কান্ট্রি হিসেবে ঘোষণা করছি," **গভর্নর হোকল বলেন।** "মেনলো মাইক্রোর

যুগান্তকারী চিপ প্রযুক্তি এমন যন্ত্র ও ইলেকট্রনিক্সের শক্তি প্রদান করে যার উপর নিউ ইয়র্কবাসীরা প্রতিদিন নির্ভর করে, এবং স্থানীয়, স্টেট, এবং ফেডারেল কর্মকর্তাদের মধ্যে একটি লক্ষণীয় অংশীদারিত্বের কারণে, তাদের নিউ ইয়র্ক উৎপাদন ফ্যাসিলিটি 100টির বেশি হাইটেক চাকরি তৈরি করবে এবং সম্পূর্ণ অঞ্চলকে সমর্থন করার জন্য কয়েক মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ সুযোগ তৈরি করবে। নিউ ইয়র্কের চিপ প্রস্তুতকারক ইকোসিস্টেমে মেনলোকে স্বাগত জানাতে পেরে আমি আনন্দিত এবং আমরা ভালো বেতনের চাকরি তৈরি করবে, আমাদের আধুনিক প্রস্তুতকারক খাতকে বিকশিত করবে, এবং আমাদের অর্থনীতিকে অগ্রসর করবে এমন উদ্ভাবনী 21 শতকের ব্যবসাকে আকৃষ্ট করার জন্য আমাদের কাজ অব্যাহত রাখবো।"

স্টেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চাক শুমার বলেন, "আমার CHIPS এবং বিজ্ঞান আইনকে (CHIPS & Science Act) বাজকাঠি হিসেবে ব্যবহার করে, মেনলো মাইক্রো ঠিক এখানে, টম্পকিনস কাউন্টিতে তাদের অত্যাধুনিক প্রযুক্তির জন্য তাদের প্রথম অভ্যন্তরীণ প্রস্তুতকারক ফ্যাসিলিটি গঠন করতে 50+ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করতে যাচ্ছে! গত বছর আমি ব্যক্তিগতভাবে মেনলো মাইক্রোর প্রধান নির্বাহী কর্মকর্তাকে ফোন করে তাকে জানাই যে মাইক্রোইলেকট্রনিক এবং সেমিকন্ডাক্টর প্রস্তুতকরণের জন্য আপস্টেট নিউ ইয়র্ক হবে নতুন সম্মুখসারি, এবং আমি আনন্দিত যে এখন তারা টম্পকিনস কাউন্টিতে 100 নতুন ভালো বেতনের চাকরি নিয়ে আসছে। এই মুখ্য বিনিয়োগের জন্য আমি মেনলো মাইক্রোর প্রশংসা করছি যা প্রযুক্তির প্রস্তুতকরণ খাতে টম্পকিনস কাউন্টি এবং আমেরিকার অর্থনৈতিক ভবিষ্যৎ চালনা করতে সাহায্য করবে, এবং আপস্টেট নিউ ইয়র্ককে একটি উদ্ভাবন, হাইটেক এবং আধুনিক প্রস্তুতকারক চাকরির বৈশ্বিক কেন্দ্রে রূপান্তরিত করতে সাহায্য করার জন্য গভর্নর হোকলের অংশীদারিত্বের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। গ্রেটার ইথাকা এলাকা নিঃসন্দেহে গবেষণা ও বিকাশের অগ্রসরকে নেতৃত্ব দিচ্ছে এবং প্রযুক্তির ভবিষ্যৎ গঠন করছে, এবং মেনলো মাইক্রো অঞ্চলটির নেতৃত্ব আরো সুপারচার্জ করতে সাহায্য করবে এবং একই সাথে আমেরিকার অতি গুরুত্বপূর্ণ মাইক্রোইলেকট্রনিক্স সরবরাহ চেইন নিশ্চিত করবে যা 5G কমিউনিকেশন থেকে শুরু করে পাওয়ার গ্রিড এবং অ্যারোস্পেস প্রকৌশলকাজ পর্যন্ত সকলকিছুর জন্য তাদের সুইচ প্রযুক্তির মাধ্যমে ক্ষমতা প্রদান করে এবং যা এখানে, টম্পকিনস কাউন্টিতে তৈরি হবে। সেন্ট্রাল নিউ ইয়র্কে মাইক্রনের ঐতিহাসিক বিনিয়োগ থেকে শুরু করে মোহক ভ্যালিতে উলফস্পিডের নতুন ফ্যাব, শীঘ্রই ওয়েস্টার্ন নিউ ইয়র্কে উৎপাদন শুরু করতে যাওয়া এডওয়ার্ডস ভ্যাকুয়াম, ক্যাপিটাল রিজিয়ন অঞ্চলে গ্লোবালফাউন্ড্রিজের পরিকল্পিত সম্প্রসারণ, হাডসন ভ্যালিতে অনসেমির বিনিয়োগ এবং এখন সাউদার্ন টিয়ারে মেনলো মাইক্রো কর্তৃক আমাদের সরবরাহ চেইন সুপারচার্জ করার মাধ্যমে, আমরা আমেরিকায় প্রস্তুতকরণ ফেরত আনছি, আপস্টেট নিউ ইয়র্কে তা ফেরত আনছি!"

মেনলো মাইক্রোর প্রধান নির্বাহী কর্মকর্তা রাস গার্সিয়া বলেন, "আজকের ঘোষণাটি আমাদের আইডিয়াল সুইচের অভ্যন্তরীণ উৎপাদন ধারণক্ষমতাকে উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি করার দিকে প্রথম ধাপের প্রতিনিধি যা অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো নিশ্চিত করতে এবং আমেরিকার প্রযুক্তির শক্ত অবস্থান আরো জোরদার করতে সাহায্য করবে। CHIPS এবং বিজ্ঞান আইনে তার নেতৃত্বের জন্য আমরা সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা শুমারের নেতৃত্বকে ধন্যবাদ জানাতে চাই, আইনটি সরাসরি সমর্থক এবং আমাদের প্রস্তুতকারক ধারণক্ষমতাকে অনশোরে নিয়ে আসার আমাদের পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ। আমরা সিনেটর শুমার, গভর্নর হোকল,

সিনেটর জিলিব্র্যান্ড, প্রতিনিধি মলিনারো এবং নিউ ইয়র্কের সম্পূর্ণ প্রতিনিধিদলের সাথে কাজ অব্যাহত রাখতে উন্মুখ যেহেতু আমরা ইলেকট্রিফিকেশনের পরবর্তী প্রজন্মে পা রাখতে যাচ্ছি এবং মার্কিন যুক্তরাষ্ট্রের অত্যাবশ্যক শিল্পখাতগুলির জন্য নজিরবিহীন ব্যয় ও শক্তি সাশ্রয়ের সুযোগ প্রদান করছি। আমরা বিশ্বাস করি যে এই ফ্যাব আধুনিকায়ন প্রকল্পটি মার্কিন যুক্তরাষ্ট্রে সেমিকন্ডাক্টর প্রস্তুতকরণকে ফেরত আনতে রাষ্ট্রপতির নির্দেশনার সাথে 100 ভাগ সামঞ্জস্যপূর্ণ।"

শুমার এবং হোকল বলেন যে মেনলো মাইক্রোর নতুন আইডিয়াল ফ্যাব রেট্রোফিট করা ল্যান্সিং গ্রামে ইতিমধ্যে শুরু হয়ে গেছে। মেনলো মাইক্রো আগামী প্রজন্মের সুইচ প্রযুক্তির পথিকৃৎ। এইসব অতিমাত্রায় দক্ষ সুইচের বিস্তৃত ধরনের প্রয়োগ রয়েছে, যেমন অ্যারোস্পেস, শক্তি, যোগাযোগ, অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো ইত্যাদি। এছাড়াও এইসব সুইচ মাইক্রোইলেকট্রনিক শিল্পখাতের অত্যাবশ্যকীয় উপাদান, যা শুমারের CHIPS এবং বিজ্ঞান আইন দ্বারা চালিত অভ্যন্তরীণ সেমিকন্ডাক্টর শিল্পখাতের বিকাশকে সমর্থন করছে।

মেনলো মাইক্রোর নতুন ফ্যাব নির্মাণ সমর্থন করার জন্য তাদের ইথাকা ফ্যাসিলিটিতে 122টি নতুন চাকরির পরিবর্তে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) 6.5 মিলিয়ন মার্কিন ডলার পারফর্ম্যান্স ভিত্তিক এক্সেলসিয়র কর্মসংস্থান কর ক্রেডিট (Excelsior Jobs Tax Credits) প্রদান করবে। অন্য সকল এক্সেলসিয়র কর্মসংস্থান প্রকল্পের মতো, মেনলো মাইক্রোও তারা তাদের চাকরি ও বিনিয়োগ প্রতিশ্রুতি পূরণ করেছে তা প্রদর্শনের পর ক্রেডিট পাবে।

আপস্টেট নিউ ইয়র্কে বিকাশের লিগেসি নিয়ে মেনলো মাইক্রো আশা করছে যে 2024 সালে নতুন টম্পকিনস কাউন্টি ভিত্তিক ফ্যাব, যা সম্পূর্ণ সক্রিয় হলে প্রতি মাসে কয়েক হজের ওয়েফার উৎপাদন করতে পারবে, সেখানে মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক প্রস্তুতকরণ শুরু করা যাবে। মেনলো মাইক্রোর নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) পলিটেকনিক ইনস্টিটিউট (Polytechnic Institute) এবং অ্যালবানি ইউনিভার্সিটির (University of Albany) সাথে সক্রিয় ইউনিভার্সিটি অংশীদারিত্ব আছে, তারা আশা করছে যে টম্পকিনস কাউন্টিতে তাদের নতুন আইডিয়াল ফ্যাব শুরু কার মাধ্যমে তারা কর্নেল ইউনিভার্সিটিই এবং আপস্টেট নিউ ইয়র্কজুড়ে অন্যান্য ইউনিভার্সিটির সাথে তাদের গবেষণা ও কর্মীবাহিনী বিকাশ অংশীদারিত্বকে সম্প্রসারণ করতে পারবে।

শুমারের CHIPS এবং বিজ্ঞান আইন এবং গভর্নর হোকলের রূপান্তরকারী গ্রিন CHIPS (Green CHIPS) বিধিমালার কারণে আপস্টেট নিউ ইয়র্ক প্রযুক্তির প্রস্তুতকরণের ক্ষেত্রে মুখ্য পুনরুজ্জীবন দেখেছে। সেন্ট্রাল নিউ ইয়র্কে একটি অত্যাধুনিক মেমোরি ফ্যাব নির্মাণের জন্য মাইক্রন ঐতিহাসিক 100 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ ঘোষণা করেছে, গ্লোবালফাউন্ড্রিজ ক্যাপিটাল রিজিয়নে সম্প্রসারণের চিন্তা করছে, অনসেমি সম্প্রতি হাডসন ভ্যালিতে একটি ফ্যাব অধিগ্রহণ করেছে যা আমেরিকার একমাত্র 12 ইঞ্চি পাওয়ার ডিসক্রিট এবং ইমেজ সেন্সর ফ্যাবের অবস্থান হবে, এবং সম্প্রতি উলফস্পিড মোহক ভ্যালিতে বিশ্বের প্রথম, সর্ববৃহৎ, এবং একমাত্র 200mm সিলিকন কার্বাইড ফ্যাব্রিকেশন ফ্যাসিলিটি খুলেছে। পাশাপাশি, আপস্টেট নিউ ইয়র্কে এছাড়া কর্নিং ইনকর্পোরেটেডের মতো সরবরাহকারী রয়েছে, যারা এর নিউ ইয়র্কের

ক্যান্টন ও ফেয়ারপোর্ট প্ল্যান্টে মাইক্রোচিপ শিল্পখাতের জন্য অতি গুরুত্বপূর্ণ কাঁচ প্রস্তুত করে, এবং এডওয়ার্ডস ভ্যাকুয়াম সম্প্রতি চিপ শিল্প খাতকে সমর্থন করার জন্য ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে একটি ড্রাই পাম্প প্রস্তুতকারক ফ্যাসিলিটি গঠনের জন্য একটি 300+ মার্কিন ডলারের বেশি বিনিয়োগ ঘোষণা করেছে। এছাড়াও শুমার অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্স গঠনের জন্য চাপ প্রদান করছেন, যেখানে মেনলো বর্তমানে পরবর্তী প্রজন্মের সেমিকন্ডাক্টর উপাদানের জন্য R&D পরিচালনা করছে, এটি দেশের প্রথম জাতীয় সেমিকন্ডাক্টর প্রযুক্তি কেন্দ্রের (National Semiconductor Technology Center, NSTC) শীর্ষ হাব। অভ্যন্তরীণ সেমিকন্ডাক্টর উৎপাদনের মুখ্য সম্প্রসারণ এছাড়াও মেনলো মাইক্রোর প্রযুক্তি ব্যবহারের জন্য উল্লেখযোগ্য সুযোগ সৃষ্টি করছে, যার ফলে টম্পকিনস কাউন্টির ঘোষণাটির মতো বিনিয়োগ সম্ভব হচ্ছে।

সেমিকন্ডাক্টর প্রস্তুতকরণ এবং R&D তে বিনিয়োগ অগ্রসর করার জন্য এবং ফেডারেল পর্যায়ে আরো প্রশস্ত প্রযুক্তির অর্থনীতির জন্য লড়াই করার ব্যাপারে শুমারের দীর্ঘ ইতিহাস রয়েছে। 2020 সালের মে মাসে, শুমার তার দ্বিপক্ষীয় *এন্ডলেস ফ্রন্টিয়ার আইন (Endless Frontier Act)* উপস্থাপন করেন যা কোয়ান্টাম কম্পিউটিং, আধুনিক শক্তি, AI, হাই পারফর্ম্যান্স কম্পিউটিং ইত্যাদি মুখ্য প্রযুক্তি ক্ষেত্রে মনোযোগ প্রদানকারী একটি জাতীয় বিজ্ঞান ফাউন্ডেশন (National Science Foundation) প্রযুক্তি ডিরেক্টরেট তৈরির মাধ্যমে ফেডারেল R&D তে নতুন সংস্থান নিয়ে আসবে। শুমারের *এন্ডলেস ফ্রন্টিয়ার আইন* এছাড়াও একটি নতুন 10 বিলিয়ন মার্কিন ডলারের আঞ্চলিক প্রযুক্তি কেন্দ্র কর্মসূচির প্রস্তাবনা করে যা প্রযুক্তি গবেষণা, বিকাশ, এবং প্রস্তুতকরণে সম্ভাবনাসহ দেশের বিভিন্ন অঞ্চলে বিনিয়োগ করবে।

2020 সালের জুন মাসে, শুমার তার দ্বিপক্ষীয় *আমেরিকান ফাউন্ড্রিজ আইন (American Foundries Act)* উপস্থাপন করেন যা অভ্যন্তরীণ সেমিকন্ডাক্টর প্রস্তুতকরণ এবং R&D সম্প্রসারণ করার জন্য নতুন ফেডারেল প্রণোদনাকে অনুমোদিত করে। শুমার সফলভাবে এই বিলকে 2021 অর্থবছরের জাতীয় প্রতিরক্ষা অনুমোদন আইনের (National Defense Authorization Act, NDAA) একটি সংশোধন হিসেবে যোগ করেন, যা CHIPS সেমিকন্ডাক্টর প্রস্তুতকরণ এবং R&D কর্মসূচির অনুমোদন প্রদান করে। 2021 সালের জুন মাসে, শুমার সফলভাবে সিনেটের মাধ্যমে তার *মার্কিন যুক্তরাষ্ট্রের উদ্ভাবন এবং প্রতিযোগিতা আইন (U.S. Innovation and Competition Act, USICA)* সফলভাবে পাশ করান, এটি একটি বিধিমালা যা তিনি তার এন্ডলেস ফ্রন্টিয়ার আইনের সাথে সম্মিলিতভাবে উপস্থাপন করেছিলেন যা অন্যান্য প্রতিযোগিতামূলক বিধিমালার সাথে গবেষণা, বিকাশ, প্রস্তুতকরণ ও উদ্ভাবনে উল্লেখযোগ্য বিনিয়োগ করবে। এই প্যাকেজের অংশ হিসেবে, শুমার এছাড়াও জরুরি সম্পূরক যথাযথকরণের জন্য 52 বিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত করেছেন যা NSTC এর মতো সেমিকন্ডাক্টর সম্পর্কিত প্রস্তুতকরণ এবং R&D কর্মসূচিকে বাস্তবায়ন করবে, অর্থবছর 2021 জাতীয় প্রতিরক্ষা অনুমোদন আইনে যার অনুমোদনের জন্য তিনি সফলভাবে কাজ করেছেন। বিধানিক এইসব প্রয়াসের চূড়ান্ত পরিণাম হলো গত বছর CHIPS এবং বিজ্ঞান আইনকে চূড়ান্তভাবে পাশ করানো এবং আইন হিসেবে স্বাক্ষর করানো।

2022 সালের আগস্ট মাসে, গভর্নর হোকল নিউ ইয়র্কের ঐতিহাসিক, দেশের প্রথম গ্রিন CHIPS বিধিমালায় স্বাক্ষর করেন যা স্টেটে সেমিকন্ডাক্টর প্রস্তুতকে জোরদার করবে এবং একইসাথে গুরুত্বপূর্ণ পরিবেশ সংক্রান্ত সুরক্ষা বহাল রাখবে। গ্রিন CHIPS নিউ ইয়র্ককে স্টেটে চিপ

প্রস্তুতকারকদের আকৃষ্ট করার একটি ঐতিহাসিক সুযোগ কাজে লাগাতে দেয়, বেসরকারি খাতে কয়েক বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ সৃষ্টি করে, ভালো, উচ্চ বেতনের চাকরি তৈরি করে, এবং চিপ উৎপাদনের সাথে সম্পর্কিত গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করে। স্টেটের গ্রিন CHIPS কর্মসূচি স্থাপন করার মাধ্যমে, বিধিমালাটি এছাড়াও নিউ ইয়র্ক স্টেটকে ফেডারেল CHIPS এবং বিজ্ঞান আইন দ্বারা ব্যাপকভাবে লাভবান হওয়ার অবস্থানে স্থাপন করে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "মেনলো মাইক্রো হলো প্রতিভা এবং সরবরাহ চেইন পাইপলাইনের একটি নিখুঁত উদাহরণ যা নিউ ইয়র্ক স্টেটে বহু বছর ধরে তৈরি হয়েছে। অ্যালবানির R&D বিভাগ থেকে শুরু করে ইথাকার নতুন ফ্যাব্রিকেশন প্ল্যান্ট পর্যন্ত, নিউ ইয়র্ক স্টেটে উপলভ্য প্রতিভাবান কর্মীবাহিনী এবং বহু সংস্থানকে কাজে লাগানোর জন্য বড় ও ক্ষুদ্র উভয় ধরনের আধুনিক প্রস্তুতকরণ নিশ্চিত করার জন্য আমরা কৌশলী বিনিয়োগ করেছি।"

SUNY চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র বলেন, "নিউ ইয়র্ক স্টেটে মেনলো মাইক্রোর প্রথম অভ্যন্তরীণ ফ্যাব্রিকেশন ল্যাবকে স্বাগত জানাতে পেরে SUNY অত্যন্ত গর্বিত। এটি শুধু উদ্ভাবনের একটি নেতা হয়ে থাকবে না, বরং কয়েক শত অত্যন্ত দক্ষ, চাহিদাসম্পন্ন চাকরির একটি ইনকিউবেটর হয়ে উঠবে যার জন্য কর্মীবাহিনী প্রদান করতে SUNY প্রস্তুত আছে। ইতিমধ্যেই মেনলো মাইরক SUNY পলিটেকনিক ইনস্টিটিউট এবং অ্যালবানি ইউনিভার্সিটি, যেখানে R&D উপাদান অবস্থিত, তাদের সাথে অংশীদারিত্ব দ্বারা উপকৃত হয়েছে। এইসব অংশীদারিত্বের ফলে আমাদের শিক্ষার্থীদের জন্য অনসাইট ইন্টার্নশিপের সুযোগ তৈরি হয়েছে, যা তাদের অত্যাধুনিক প্রযুক্তির ব্যাপারে হাতে কলমে অভিজ্ঞতা প্রদান করে যা বিকাশমান সেমিকন্ডাক্টর ক্ষেত্রে উন্নতির জন্য তাদের প্রয়োজন।"

টম্পকিনস কাউন্টি আইনসভার প্রধান শনা ব্ল্যাক বলেন, "মেনলো মাইক্রোর মতো কোম্পানি যে টম্পকিনস কাউন্টিকে তাদের নতুন অবস্থান বানাচ্ছে তা দারুণ ব্যাপার। আমাদের কাছের ইউনিভার্সিটিগুলি থেকে দেশের কর্মীবাহিনীর সবথেকে প্রতিভাবান নতুন প্রবেশকারীদের পাওয়া যায়, এবং আমাদের সম্প্রদায়ের চাহিদা পূরণ করতে পারবে এমন সমৃদ্ধ একটি অর্থনীতি বানানোর সময় আমরা যাতে যত বেশি সম্ভব প্রতিভা ধরে রাখতে পারি, আমাদের এলাকায় উচ্চ মূল্যের চাকরি আনা তা নিশ্চিত করবে। CHIPS এবং বিজ্ঞান আইন পাশ করানোর ব্যাপারে সিনেটর শুমারের নেতৃত্বের জন্য এবং মেনলো মাইক্রো যাতে তাদের প্রথম অভ্যন্তরীণ উৎপাদন এখানে শুরু করে তা নিশ্চিত করতে তার অ্যাডভোকেসির জন্য তাকে ধন্যবাদ।"

ইথাকা এরিয়া ইকোনোমিক ডেভেলপমেন্টের (Ithaca Area Economic Development) প্রেসিডেন্ট হিদার ম্যাকড্যানিয়েল বলেন, "ইথাকা এলাকার জন্য এটি দুর্দান্ত একটি বিনিয়োগ এবং আমাদের সম্প্রদায়ে মেনলো মাইক্রোর ফ্যাব আনতে স্থানীয়, স্টেট, এবং ফেডারেল অংশীদারগণ একত্রে যে কাজ করেছে তার প্রমাণস্বরূপ, CHIPS এবং বিজ্ঞান আইন পাশ করানো নিশ্চিত করা এবং মাইক্রো মেনলোকে নিউ ইয়র্ক স্টেটে অবস্থান স্থাপনের জন্য উৎসাহিত করার জন্য সিনেটর শুমারকে বিশেষভাবে ধন্যবাদ। এটি আমাদের নিবেদিত এবং অত্যন্ত শিক্ষিত কর্মীবাহিনীর জন্য লাভজনক হবে, এবং মানসম্পন্ন চাকরির সুযোগ তৈরির জন্য তাদের প্রয়াসে তাদের সমর্থন করার জন্য আমরা তৈরি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন